# সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ১২৮

১/ বিবিধ হাদিসসমূহ

আরবী

128– عَنْ سَعِيدُ بْنُ جُبَيْرٍ قَالَ: قُلْتُ لِابْنِ عَبَّاسٍ إِنَّ نَوْفًا الْبَكَالِيَّ يَزْعُمُ أَنَّ مُوسَى صَاحِبَ الْخَضِرِ لَيْسَ هُوَ مُوسَى بَنِي إِسْرَائِيلَ إِنَّمَا هُوَ مُوسَى آخَرُ، فَقَالَ: كَذَبَ عَدُوُّ اللَّهِ، حَدَّثَنَا أُبَيُّ بْنُ كَعْبٍ عَنْ النَّبِيِّ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم : «أَنَّ مُوسَى قَامَ خَطِيبًا فِي بَنِي إِسْرَائِيلَ فَسُئِلَ أَيُّ النَّاسِ أَعْلَمُ؟ فَقَالَ: أَنَا», فَعَتَبَ اللَّهُ عَلَيْهِ إِذْ لَمْ يَرُدَّ الْعِلْمَ إِلَيْهِ فَقَالَ لَهُ: «بَلَى لِي عَبْدٌ بِمَجْمَعِ الْبَحْرَيْنِ هُوَ أَعْلَمُ مِنْكَ, قَالَ: "أَيْ رَبِّ وَمَنْ لِي بِهِ؟ ـ وَرُبَّمَا قَالَ سُفْيَانُ: أَيْ رَبِّ وَكَيْفَ لِي بِهِ؟ـ قَالَ: تَأْخُذُ حُوتًا فَتَجْعَلُهُ فِي مِكْتَلٍ حَيْثُمَا فَقَدْتَ الْحُوتَ فَهُوَ ثَمَّ» .. فذكر الحديث. ( خ, م ) صحيح

বাংলা

১২৮. সায়িদ ইবনু জুবায়ের থেকে বর্ণিত, তিনি বলেন: আমি ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহুকে বললাম 'নাউফ আল-বাকালি'র ধারণা 'খিদির' এর সাথী 'মুসা' বনি ইসরাইলের 'মুসা' নয়, তিনি অন্য 'মুসা'। তিনি বললেন: আল্লাহর দুশমন মিথ্যা বলেছে। উবাই ইবনু কা'ব নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামথেকে আমাদেরকে বর্ণনা করেন: "একদা মুসা আলাইহিস সালাম বনি ইসরাইলে খুতবা দেয়ার জন্য দাঁড়ালে তাকে জিজ্ঞাসা করা হল, কে সবচেয়ে বেশী জানে? তিনি বললেন: আমি"। এ জন্য আল্লাহ তাকে তিরস্কার করলেন, কারণ তিনি বেশী জানার জ্ঞান আল্লাহর নিকট সোপর্দ করেননি। তাকে তিনি বললেন: "দুই সমুদ্রের মিলনস্থলে আমার এক বান্দা রয়েছে, সে তোমার চেয়ে অধিক জানে। তিনি বললেন: হে আমার রব, তার নিকট পৌঁছার জন্য আমার কে আছে? অথবা সুফিয়ান বলেছেন: হে আমার রব, আমি কিভাবে তার কাছে পৌঁছব? তিনি বললেন: একটি মাছ নাও, অতঃপর তা পাত্রে রাখ, যেখানে মাছটি হারাবে সেখানেই সে..." অতঃপর পূর্ণ হাদিস উল্লেখ করেন। [বুখারি ও মুসলিম] হাদিসটি সহিহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=21442

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন